



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

E-mail : info@bise-ctg.gov.bd, Website : www.bise-ctg.gov.bd



স্মারক নং-চশিবো/ক-শা/রেজিঃ (প্রাইভেট)/৩২০/০৮/৬২০৩ (২)

তারিখ : ০৯/০৬/২০২১

## ২০২১ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় (এইচ.এস.সি) অংশগ্রহণেচ্ছু প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশনের সময়সূচি পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি

অত্রবোর্ডের আওতাধীন নির্ধারিত কলেজসমূহে ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশনের সময়সূচি নিম্নোক্তভাবে পরিবর্তন করা হলো। উল্লেখ্য যে, ইতোপূর্বে জারিকৃত প্রাইভেট রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

১। সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীদেরকে রেজিস্ট্রেশনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত কলেজের অধ্যক্ষের নিকট প্রয়োজনীয় ফি ও অন্যান্য দলিলাদিসহ সাদা কাগজে আবেদনের সময়সীমা (করোনা পরিস্থিতি বিবেচনায়) ১৫/০৬/২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। প্রাইভেট পরীক্ষার জন্য জেলা ভিত্তিক নির্ধারিত কলেজসমূহের নাম নিম্নে দেয়া হলো :

ক্রমিক	জেলার নাম	নির্ধারিত কলেজসমূহের নাম
০১	চট্টগ্রাম জেলা	ক) চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম খ) চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম (শুধুমাত্র মহিলাদের জন্য) গ) সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম (শুধুমাত্র ব্যবসায় শিক্ষা শাখার জন্য)
০২	কক্সবাজার জেলা	কক্সবাজার সরকারি কলেজ।
০৩	রাঙ্গামাটি পার্বত্য জেলা	রাঙ্গামাটি সরকারি কলেজ।
০৪	খাগড়াছড়ি পার্বত্য জেলা	খাগড়াছড়ি সরকারি কলেজ।
০৫	বান্দরবান পার্বত্য জেলা	বান্দরবান সরকারি কলেজ।

২। কলেজ কর্তৃক নির্ধারিত ছক পূরণপূর্বক প্রাইভেট পরীক্ষার্থীদের তালিকাভুক্তি ফি ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ বোর্ডের কলেজ শাখায় দাখিল করার সময়সীমা ১৭/০৬/২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

৩। কলেজ কর্তৃক অনলাইনে রেজিস্ট্রেশন (eSIF) পূরণের সময়সীমা ২০/০৬/২০২১ হতে ২৭/০৬/২০২১ তারিখ পর্যন্ত এবং ডাউনলোডকৃত eSIF এর তালিকা বোর্ডে জমাদানের সময়সীমা ৩০/০৬/২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

৪। ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট পরীক্ষার্থীদেরকে ফরমপূরণের বিষয়ে অত্রবোর্ডের পরীক্ষা শাখার বিজ্ঞপ্তি অনুসরণ করতে হবে।

৫। প্রাইভেট রেজিস্ট্রেশন সম্পন্নকালে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ এবং পরীক্ষার্থীদেরকে অবশ্যই কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

(প্রফেসর মো: জাহেদুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

চট্টগ্রাম।